

ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন	
ডেটেশন প্রকাশনী	
উপ-ডেটেশন প্রকাশনী	
সহকারী বেতার প্রকাশনী	
রেডিও টেকনিশিয়ান	✓

18-4-24

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ বেতার সদর দপ্তর

৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি

শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

www.betar.gov.bd

তারিখ: ০৯-০৪-২০২৪

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০১.২২.২৯৯৩

বিষয়: 'সর্বজনীন পেনশন স্কিম' মেলা ২০২৪ এর কার্যক্রম বাংলাদেশ বেতার রাজশাহী কেন্দ্র থেকে সরাসরি সম্প্রচার।

সূত্র: ইউনোট ০৪-০৪-২০২৪ খ্রি তারিখের পত্র নম্বর-১৫.৫৩.০০০০.০০১.০২১.০০৩.২১১৪৪

উপর্যুক্ত বিষয় ও সংযুক্ত ইউ. ও. নোট অনুযায়ী, আগামী ১৯ এপ্রিল ২০২৪ তারিখ শুক্রবার সকাল ৯:৩০ মিনিটে (সম্ভাব্য) 'হাজী মুহাম্মদ মহসিন উচ্চ বিদ্যালয় মাঠ (মাদ্রাসা মাঠ)' এ 'সর্বজনীন পেনশন স্কিম' মেলা ২০২৪ আয়োজন করা হয়েছে। মেলা প্রাঙ্গনে সংস্থাপিত বুথ থেকে উক্ত মেলার কার্যক্রম বাংলাদেশ বেতার, রাজশাহী কেন্দ্রের এফএম ৮৮.৮ মেগাহার্টজ এবং ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার হবে। উল্লেখ্য বর্ণিত অনুষ্ঠান প্রচারকালীন এফএম ৮৮.৮ মেগাহার্টজের পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।


২। পরিচালক বাণিজ্যিক কার্যক্রম (অনুষ্ঠানের ফোকাল পয়েন্ট) এবং আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার রাজশাহী এ বিষয়ে বিভাগীয় কমিশনার, রাজশাহীর সাথে সার্বিক যোগাযোগ করে যথাযথভাবে ধারাবিবরণী/অনুষ্ঠানটি প্রচারের ব্যবস্থা করবেন।

৩। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার রাজশাহী, অনুষ্ঠানস্থলে বুথ স্থাপনসহ প্রচারের নিমিত্তে যাবতীয় প্রকৌশল ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার রাজশাহী, জাতীয় ও স্থানীয় সংবাদে এ বিষয়ে অডিও ক্লিপসহ প্রতিবেদন প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। বাংলাদেশ বেতার সদর দপ্তরের ১৮-০৩-২০২৪ খ্রি. তারিখের ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০১.২২.১৩১ নং পত্রে বর্ণিত 'সরাসরি সম্প্রচারের ক্ষেত্রে আবশ্যিক পালনীয় স্থায়ী আদেশ' সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যথাযথ ভাবে পালন করবেন।

৬। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(মো: ছালাহ উদ্দিন)

অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)

মহাপরিচালকের পক্ষে।

ফোন: ০২-৪৪৮১৩০৬৭

ই-মেইল: adgprog@betar.gov.bd

আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক বাণিজ্যিক কার্যক্রম বাংলাদেশ বেতার, ঢাকা।

২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, রাজশাহী।

৪। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, রাজশাহী।

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০১.২২.২৯৯৩

তারিখ: ০৯-০৪-২০২৪

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নির্বাহী চেয়ারম্যান, জাতীয় পেনশন কর্তৃপক্ষ।


২। সদস্য, জাতীয় পেনশন কর্তৃপক্ষ।

৩। বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব), রাজশাহী।

৪। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী।

৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। নথি।



(এস এম আবুল হোসেন)

পরিচালক, (অনুষ্ঠান)

ফোন: ০২-৪৪৮১৩০৭৪

dpp@betar.gov.bd